দৈনিক
# জনকণ্ঠ

তারিখ 16 JAN 2007
পৃষ্ঠা ১১ কলাম ৩

ঢাকা : মঙ্গলবার ১৬ জানুয়ারি ২০০৭ ইংরেজী

## শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো সম্প্রসারণ

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো সম্প্রসারণ করা হয়েছে। কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত সচিব থেকে শুরু করে বিভিন্ন পদ বৃদ্ধি করা হয়েছে। সম্প্রতি এ সংক্রান্ত প্রজ্ঞাপনও জারি করা হয়েছে। জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ে আগে যেখানে অতিরিক্ত সচিব ছিল একজন, সেখানে নতুন কাঠামোতে দু'জন অতিরিক্ত সচিব থাকবেন। একইভাবে যুগ্ম সচিবের সংখ্যা চার জনের পরিবর্তে পাঁচ জন হবেন। উপসচিব ৬ জনের জায়গায় ৯ জন, সিনিয়র সহকারী সচিব ১৬ জনের জায়গায় ২৩ জন এবং নতুন করে একজন আইনকর্তা থাকবেন।

জানা গেছে, উপ সচিবের মধ্যে নতুন তিন উপসচিব প্রশাসন, অডিট এবং উন্নয়ন শাখায় দায়িত্ব পালন করবেন। নতুন ৬টি সিনিয়র সহকারী সচিব থাকবেন প্রশাসন, উন্নয়ন, কারিগরি, এমপিও, মাধ্যমিক ও কলেজ শাখায়। তা ছাড়া একজন আইন কর্মকর্তা থাকবেন।